

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯৫৪
আগরতলা, ০৪ অক্টোবর, ২০১৯

বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাথে মুখ্যমন্ত্রীর বৈঠক

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব নয়াদিল্লিতে গতকাল এক বৈঠকে মিলিত হন। বৈঠকে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় উত্থাপন করেন। উভয়ের মধ্যে আলোচনাকালে যে বিষয়গুলি প্রাধান্য পায় তার মধ্যে রয়েছে ত্রিপুরা থেকে বাংলাদেশে পণ্য রপ্তানির সুবিধার্থে বাংলাদেশের পোর্ট রেস্ট্রিকশন তুলে দেওয়া, বাংলাদেশে ত্রিপুরার চা রপ্তানি করা, সার্বুমে রামগড় ল্যান্ড কাস্টম স্টেশন চালু করা, চট্টগ্রাম বন্দর চালু করা, বর্ডার হাট স্থাপন, মুহুরীঘাটে ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট কমপ্লেক্স নির্মাণ, মনুঘাট ল্যান্ড কাস্টম স্টেশনের আই বি বি ফেন্সিং সরিয়ে নেওয়া, ত্রিপুরাতে বাংলাদেশের উদ্যোগীদের বিনিয়োগে উৎসাহিত করা, সীমান্তের ওপারের ল্যান্ড কাস্টম স্টেশনের পরিকাঠামো গড়ে তোলা। তাছাড়াও বৈঠকে ত্রিপুরা এবং বাংলাদেশের মধ্যে অভ্যন্তরীণ জলপথে যোগাযোগ ব্যবস্থা, বি বি আই এন- এম ভি এ চুক্তি বাস্তবায়ন, চট্টগ্রাম এবং মংলা বন্দর ব্যবহারের জন্য এস ও পি এবং প্রটোকল, আগরতলা-আখাউড়া রেলপথের নিশ্চিত্তপুর থেকে গঙ্গানগর পর্যন্ত রেলপথ নির্মাণ, এম বি বি বিমানবন্দরের রানওয়ে সম্প্রসারণের বিষয়ে আলোচনা হয়েছে। আলোচনার সময় আগরতলা-ঢাকার মধ্যে বিমান চলাচলের বিষয়টি উত্থাপিত হলে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বিষয়ে আগ্রহ প্রকাশ করেন। পরে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এক নৈশভোজেও মিলিত হন।
